

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫১

১/ বিবিধ

আরবী

الحزم سوء الظن
ضعيف جدا

رواه القضاعي في "مسند الشهاب" (3/2) عن أبي الحسن علي بن الحسين بن بندار
بن خير قال: نا الحسين بن عمر بن مودود قال: أنا أبو التقى قال: نا بقية بن الوليد
قال: نا الوليد بن كامل عن نصر بن علقمة عن عبد الرحمن بن عائذ مرفوعا قلت:
وكتب بعض المحدثين – ولعله ابن المحب – تحته بقوله
"مرسل والوليد ضعيف"

قلت: وعلي بن الحسن بن بندار قال الذهبي
"اتهمه محمد بن طاهر"
وفي "اللسان"

"قال عبد العزيز النخشي: لا تحل الرواية عنه إلا على وجه التعجب"
ورواه الحربي في "الغريب" (5/212/1) عن جرير عن الحكم بن عبد الله: كانت
العرب تقول

"العقل التجارب، والحزم سوء الظن"

والحديث أورده السيوطي في "الجامع الصغير" من رواية أبي الشيخ عن علي،
والقضاعي عن عبد الرحمن بن عائذ

أما إسناد القضاعي فقد بينا أنه واه جدا، وذكر نحوه المناوي متعقبا على العامري

الذي قال في شرحه: " صحيح "

وأما إسناده أبي الشيخ، فلم يتكلم عليه المناوي بشيء! وفيه علتان الأولى: الوقف على علي. كذلك ذكره الحافظ السخاوي في " المقاصد الحسنة " (رقم 32) من رواية أبي الشيخ ومن طريقه الديلمي. بل كذلك أورده السيوطي نفسه في " الدرر " عن علي موقوفاً، وهو في " كشف الخفاء " (رقم 1129). فما كان ينبغي له أن يورده في " الجامع الصغير " لأنه خاص بالأحاديث المرفوعة كما يدل عليه تمام اسم كتابه: " من أحاديث البشير النذير "

والأخرى: الضعف الشديد أيضاً، فقد قال السيوطي نفسه في المصدر السابق " رواه أبو الشيخ بسند واه جدا عن علي موقوفاً وضعفه السخاوي أيضاً، ولكنه لم يصرح بضعفه الشديد كما فعل السيوطي وذلك منه تقصير، لأنه قد يغتر بعضهم باقتصاره على التضعيف، فيظن أنه من النوع الذي ينجبر ضعفه بمجيئه من طرق أخرى! بل ذلك ما وقع فيه السخاوي نفسه، فإنه قد قال بعد أن ساق هذه الطرق والطريق الآتية عن ابن عباس

" وكلها ضعيفة، وبعضها يتقوى ببعض "

فأقول: إن هذه التقوية غير جارية على قواعد علم الحديث، لأن شرطها أن لا يشتد ضعف مفردات الطرق، وهذا مفقود هنا كما تقدم بيانه. زد على ذلك أن الحديث مخالف للنصوص الصحيحة كما سبق ذكره تحت الحديث: " احترسوا من الناس بسوء الظن " رقم (156)

ثم رأيت الحديث في " مسند الفردوس " للديلمي (ص 109 – مصورة الجامعة) فإذا فيه – مع وقفه – هشام بن محمد بن السائب الكلبي، وهو متروك وأما حديث ابن عباس المشار إليه، فلفظه " من حسن ظنه بالناس كثرت ندامته "

১১৫১। (মানুষের ব্যাপারে) মন্দ ধারণা পোষণ করাই হচ্ছে দৃঢ়তা।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি কাযাঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (৩/২) আবুল হাসান আলী ইবনুল হুসাইন ইবনে বান্দার ইবনে খায়ের হতে, তিনি হুসাইন ইবনু উমার ইবনে মওদূদ হতে, তিনি আবুত তাকী হতে, তিনি বাকিয়াহ ইবনুল ওয়ালীদ হতে, তিনি ওয়ালীদ ইবনু কামেল হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কোন কোন মুহাদিস লিখেছেন সম্ভবত তিনি হচ্ছেন ইবনুল মুহিবঃ হাদীসটি মুরসাল এবং ওয়ালীদ দুর্বল বর্ণনাকারী।

আমি (আলবানী) বলছিঃ আলী ইবনুল হুসাইন ইবনে বান্দার সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তাকে মুহাম্মাদ ইবনু ত্বাহের মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন।

“লিসানুল মীযান” গ্রন্থে এসেছেঃ আব্দুল আযীয আন-নাখশাবী বলেনঃ আশ্চর্য হওয়ার উদ্দেশ্য ছাড়া তার থেকে বর্ণনা করাই বৈধ না।

আলোচ্য হাদীসটিকে আবুশ শাইখও বর্ণনা করেছেন। কিন্তু তার সনদের দুটি সমস্যা রয়েছেঃ

প্রথমতঃ তিনি আলী (রাঃ) হতে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন। হাফিয সাখাবী “আল-মাকাসিদুল হাসানাহ” গ্রন্থে (৩২) আবুশ শাইখের বর্ণনা থেকে এরূপই উল্লেখ করেছেন আর তার সূত্র থেকে দাইলামীও বর্ণনা করেছেন। ইমাম সুয়ূতী “আদ-দুরার” গ্রন্থে অনুরূপভাবে আলী (রাঃ) হতে মওকুফ হিসেবেই উল্লেখ করেছেন।

দ্বিতীয়তঃ এটিও অত্যন্ত দুর্বল। সুয়ূতী নিজেই উক্ত গ্রন্থের মধ্যে বলেনঃ আবুশ শাইখ আলী হতে মওকুফ হিসেবে অত্যন্ত দুর্বল সনদে বর্ণনা করেছেন।

এটিকে সাখাবীও দুর্বল আখ্যা দিয়েছেন। কিন্তু তিনি ইমাম সুয়ূতীর ন্যায় অত্যন্ত দুর্বল বলেননি। এটি তার ত্রুটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=72030>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন